



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/যশোর-৪৯/২২৭৮/৩

তারিখঃ ০৬/০৬/২০১৯খ্রিঃ

বিষয়ঃ অনুমোদিত এডহক কমিটি বাতিল প্রসঙ্গে।

সূত্র : ১) নং-বামাশিবো/প্রশা/২৩১১৮১১৬০৬৫১/১৪৯৫০/নথি নং-৪৯; তারিখ: ২৪.০১.২০১৯ খ্রি:
২) নং-০৫.৪৪.৪১৪৭.০০০.২১.০০১.১৯-১৫২/১(৫); তারিখ: ১৮.০২.২০১৯ খ্রি:
৩) নং- বামাশিবো/প্রশাসন/যশোর-৪৯/২২৬৩/৩; তারিখ: ০৩.০৪.২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত আলোকে জানানো যাচ্ছে যে, যশোর জেলার সদর উপজেলাধীন চান্দুটিয়া মঈনুল ইসলাম দাখিল মাদ্রাসার এডহক কমিটি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক সূত্রোক্ত ০১ নং স্মারকে অনুমোদন দেওয়া হয়। উক্ত অনুমোদিত এডহক কমিটির বিরুদ্ধে মো: গোলাম মোস্তফা (সাবেক সভাপতি) একটি অভিযোগ দাখিল করেন।

অভিযোগের প্রেক্ষিতে তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সদর, যশোরকে ২নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদনে দেখা যায়, মাদ্রাসার সুপার মো: আব্দুস সাত্তার অসদুপায় অবলম্বনপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, জেলা শিক্ষা অফিসার এবং মাননীয় সংসদ সদস্য মহোদয়ের স্বাক্ষর জালিয়াতি করে ভূয়া কাগজপত্রের মাধ্যমে মাদ্রাসা বোর্ড কর্তৃক এডহক কমিটি অনুমোদন করিয়েছেন বলে প্রতিবেদনে উল্লেখ করেন।

অভিযোগকারীর অভিযোগের সাথে তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন মিল থাকায় অভিযোগ প্রমাণিত হয়েছে বলে প্রতিয়মান হওয়ায় অত্র বোর্ড হতে অনুমোদিত এডহক কমিটি কেন বাতিল করা হবে না মর্মে সুপারকে সূত্রোক্ত ৩নং স্মারকে কারণ দর্শানো হয়। কারণে দর্শানোর প্রেক্ষিতে সুপার যে জবাব দাখিল করেছেন তা সন্তোষজনক নয়।

বর্ণিত অবস্থায় অভিযোগকারীর অভিযোগ প্রমাণিত হওয়ায় প্রতিষ্ঠানের স্বার্থে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে অত্র বোর্ড হতে নং-বামাশিবো/প্রশা/২৩১১৮১১৬০৬৫১/১৪৯৫০/নথি নং-৪৯; তারিখ: ১৪/০১/২০১৯ খ্রি. স্মারকে অনুমোদিত এডহক কমিটি এতদ্বারা বাতিল করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ

মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার (রুটিন দায়িত্ব)

ও

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১৭৪৮৭৪

প্রাপকঃ সুপার, চান্দুটিয়া মঈনুল ইসলাম দাখিল মাদ্রাসা
সদর, যশোর।

নং-বামাশিবো/প্রশাসন/যশোর -৪৯/২২৭৮/৩

তারিখঃ ০৬/০৬/২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, যশোর।
২. জেলা শিক্ষা অফিসার, যশোর।
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, যশোর।
৪. সভাপতি ও সদস্যবৃন্দ- এডহক কমিটি, চান্দুটিয়া মঈনুল ইসলাম দাখিল মাদ্রাসা, সদর, যশোর।
৫. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা। (মহোদয়ের অবগতির জন্য)।
৬. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ

মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার (রুটিন দায়িত্ব)

ও

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১৭৪৮৭৪